ফাতির জোড়া গোল, বড় জয়ে মৌসুম শুরু বার্সার

স্প্যানিশ লা লিগের প্রথম ম্যাচেই নতুন কোচ রোনাল্ড কোম্যানের অধীনে দুর্দান্ত শুরু করেছে বার্সেলোনা। মৌসুমের প্রথম ম্যাচেই ভিয়ারিয়ালকে ৪-০ গোলে হারিয়েছে বার্সেলোনা।

ম্যাচে জোড়া গোল করেছেন আনসু ফাতি এবং পেনাল্টি থেকে এক গোল করেছেন লিওনেল মেসি। বাকি গোল এসেছে প্রতিপক্ষ খেলোয়াড়ের পা থেকে।

রবিাবর দিবাগত রাতে ঘরের মাঠ ক্যাম্প ন্যুয়ে ভিয়ারিয়ালকে পাত্তাই দেয়নি বার্সা। ম্যাচের ১৫ মিনিটের মাথায় গোল করে কাতালান জায়ান্টদের এগিয়ে দেন ফাতি। কোম্যান যুগে নিজের প্রথম গোলটি তিনি করেছেন জর্দি আলবার দুর্দান্ত এক পাস থেকে।

চার মিনিট পর নিজের ও দলের দ্বিতীয় গোলের দেখা পেতে ফাতিকে। এবার তার গোলের উৎস এই মৌসুমে বায়ার্ন মিউনিখ থেকে ফিরে আসা ফিলিপ্পে কুতিনহো। কাউন্টার অ্যাটাক থেকে বল নিয়ে ব্রাজিলিয়ান অ্যাটাকিং মিডফিল্ডার ফাঁকায় থাকা ফাতির কাছে বল পৌঁছে দেন আর তা নিচু শটে লক্ষ্যে পৌঁছে দেন তরুণ ফরোয়ার্ড।

প্রথমার্ধের ৩৪তম মিনিটে সফরকারীদের বিপদ বাড়িয়ে পেনাল্টি পেয়ে যায় বার্সা। এবার পেনাল্টি পাইয়ে দেন ফাতি। প্রতিপক্ষের বক্সে বল কাড়ার প্রতিযোগিতার মাঝে ফাউলের শিকার হন তিনি। রেফারি সময় নষ্ট না করে সঙ্গে সঙ্গে পেনাল্টির বাঁশি বাজান। আর তা থেকে বাঁ পায়ের নিখুঁত শটে চলতি মৌসুমে নিজের প্রথম গোলের দেখা পান মেসি।

ভিয়ারিয়ালের হতাশা আরও বাড়ে প্রথমার্ধের শেষ মুহূর্তে। এবার গোলদাতা তাদের নিজেদের খেলোয়াড় পাও তোরেস। মেসির ক্রস বক্সে থাকা বুসকেতসের দিকে যাওয়ার পথে পা বাড়িয়ে ঠেকাতে গিয়ে নিজেদের জালে জড়িয়ে দেন স্প্যানিশ মিডফিল্ডার। এরপর আর ম্যাচে ফেরা হয়নি উনাই এমেরির দলের।